34

তারিখ ... 25 MAY 1997 ...
পৃষ্ঠা 77 কলাম ... 6 ...

দৈনিক জনকণ্ঠ

# তিন বছরের মধ্যে সিলেটকে নিরক্ষরতার অভিশাপ থেকে মুক্ত করা হবে ॥ স্পীকার

**স্টাফ রিপোর্টার, সিলেট অফিস ॥** জাতীয় সংসদের স্পীকার হুমায়ূন রশীদ চৌধুরী বলেছেন, আগামী তিন বছরের মধ্যে সিলেটকে নিরক্ষতার অভিশাপ থেকে মুক্ত করা হবে। শুক্রবার সকালে ব্লু বার্ড, উচ্চ বিদ্যালয়ের একটি ভবন নির্মাণের ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে বক্তৃতাকালে তিনি এ কথা বলেন।

স্পীকার বলেন, সিলেটে ৪শ'র বেশি গ্রামে কোন প্রাথমিক বিদ্যালয় নেই। আগামী তিন বছরে এই সকল গ্রামে বিদ্যালয় স্থাপন করা হবে। এক সময় সিলেট অঞ্চল শিক্ষাদীক্ষায় শীর্ষে ছিল। তিনি শিক্ষা ক্ষেত্রে বর্তমানে পিছিয়ে থাকা অবস্থান থেকে এগিয়ে আসার জন্য সবাইকে প্রচেষ্টা চালিয়ে যাবার আহ্বান জানান। ব্লু বার্ড উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা রাবেয়া খান আহমদ স্কুলের সাফল্যের বর্ণনা দেন।

এদিকে ঐ দিন স্পীকার হুমায়ূন রশীদ চৌধুরী স্থানীয় পুরান লেনে ডায়াবেটিক হাসপাতালের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। অধ্যাপক ডাঃ এমএ রকীবের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বক্তব্য রাখেন বিশেষ অতিথি সাবেক অর্থমন্ত্রী এম সাইফুর রহমান। সিলেট পৌরসভার চেয়ারম্যান বদর উদ্দিন কামরান, সাবেক চেয়ারম্যান আফম কামাল, এমপি জেবুন্নেসা হক উপস্থিত ছিলেন।